



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.৪২-৩.২০২৩- ৬৭৪৭

তারিখ : ২৬/১১/২০২৫ খ্রি:।

পোস্টগ্রাজুয়েট প্রোগ্রামের অনলাইন কোর্স রেজিস্ট্রেশনের বিজ্ঞপ্তি (সংশোধিত)

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউট এর পোস্টগ্রাজুয়েট প্রোগ্রামের ফুল-টাইম ও পার্ট-টাইম শিক্ষার্থীদের নিম্নবর্ণিত শিক্ষাবর্ষ ও সেমিস্টার এবং সিডিউল অনুযায়ী যাবতীয় ফিসমূহ পেমেন্ট সম্পর্কিত নির্দেশনা অনুসরণপূর্বক ওয়েবসাইটে (<https://pgr.duetbd.org/>) উল্লিখিত মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে জমা প্রদানপূর্বক অনলাইন কোর্স রেজিস্ট্রেশনের কার্যক্রম সম্পন্ন করিতে হইবে।

Session: 2024-2025
Semester- I

বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন খাতের ফিসমূহের বিবরণ এবং জমাদানের তারিখ :-

ক্রমিক নং	খাতসমূহ	ফির পরিমাণ	কোর্স ফি	প্রজেক্ট/থিসিস ফি	কোর্স রেজিস্ট্রেশন ও ফি জমা দেওয়ার সময়সীমা
১।	মেডিক্যাল ফি	১৫০.০০	২৫০.০০ (প্রতি কোর্সের জন্য)	৩০০.০০ (প্রতি ৩ ক্রেডিটের জন্য)	০১/১২/২০২৫ খ্রি: হইতে ০৭/১২/২০২৫ খ্রি: তারিখ পর্যন্ত
২।	টিউশন ফি	২৫০.০০			
৩।	ছাত্র কল্যাণ ফি	১৫০.০০			
৪।	ধর্মীয় ফি	৫০.০০			
৫।	পরীক্ষার ফি	৩০০.০০			
৬।	হোডশীট ফি	১০০.০০			
৭।	ম্যাগাজিন ফি	৫০.০০			
৮।	খেলাধুলা ও সাংস্কৃতিক কার্যক্রম ফি	১০০.০০			
৯।	যানবাহন ফি	১৫০.০০			
মোট=		১৩০০.০০			

বিলম্ব রেজিস্ট্রেশন	১,০০০/- (এক হাজার) টাকা জরিমানাসহ	০৮/১২/২০২৫ খ্রি: হইতে ১৪/১২/২০২৫ খ্রি: তারিখ পর্যন্ত
---------------------	-----------------------------------	--

- ০২। হল-এর ফি পরিশোধ: শিক্ষার্থীদেরকে নিয়মমত হল-এর ফিসমূহ সংশ্লিষ্ট হল কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী তাহার কোর্স রেজিস্ট্রেশনের কার্যক্রম শুরুর পূর্বে অবশ্যই পরিশোধ করিতে হইবে।
- ০৩। হল কর্তৃপক্ষ কর্তৃক রেজিস্ট্রেশন অনুমোদন: হল ফি পরিশোধের বিষয়টি নিশ্চিতকরণ পূর্বক স্ব-স্ব হল কর্তৃপক্ষ যে সকল শিক্ষার্থী হল ফি পরিশোধ করিয়াছে, অনলাইন (PGR) প্ল্যাটফর্মে সেই সকল শিক্ষার্থীর কোর্স রেজিস্ট্রেশনের কার্যক্রম শুরুর অনুমোদন প্রদান করিবেন।
- ০৪। কোর্স অফার :- আগামী ২৬/১১/২০২৫ খ্রি: তারিখের মধ্যে অনলাইন (PGR) প্ল্যাটফর্মে অফারকৃত কোর্সের তালিকা Upload করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় প্রধান ও ইনস্টিটিউটের পরিচালক মহোদয়কে অনুরোধ করা হইল। সেই সঙ্গে অফারকৃত কোর্সের তালিকার হার্ডকপি স্ব-স্ব বিভাগের বিভাগীয় প্রধান/ইনস্টিটিউটের পরিচালক মহোদয়ের স্বাক্ষর ও সীলসহ রেজিস্ট্রার অফিসে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ০৫। কোর্স রেজিস্ট্রেশনের বিষয়ে নিম্নোক্ত নিয়মাবলী অবশ্যই অনুসরণ করিতে হইবে :-
- (১) বিশ্ববিদ্যালয়ের যাবতীয় ফি ও কোর্স রেজিস্ট্রেশন ফি এবং হল-এর যাবতীয় পাওনাদি শিক্ষার্থী কর্তৃক পরিশোধের বিষয়টি নিশ্চিতপূর্বক স্ব-স্ব বিভাগ/ইনস্টিটিউটের এ্যাডভাইজর/কোর্স কো-অর্ডিনেটর অনলাইনের মাধ্যমে কোর্স অনুমোদন করিবেন;
 - (২) শিক্ষার্থীদের তাহাদের নিজ নিজ সুপারভাইজর/কোর্স কো-অর্ডিনেটরের সহিত পরামর্শক্রমে কোর্স নির্বাচন করার পর PGR সিস্টেমে অনলাইন রেজিস্ট্রেশনের কার্যক্রম সম্পন্ন করিতে হইবে;
 - (৩) অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম চলাকালীন PGR সিস্টেমে নিজ নিজ সুপারভাইজর/কোর্স কো-অর্ডিনেটরের প্যানেল থেকে বিশেষ প্রয়োজনে কোর্স পরিবর্তন/সংশোধন করা যাইবে;
 - (৪) অনলাইন কোর্স রেজিস্ট্রেশনের নির্ধারিত সময় অতিক্রান্তের পর সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/ইনস্টিটিউট পরিচালকের মাধ্যমে ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে রেজিস্ট্রেশনকৃত কোর্সের সংখ্যা হ্রাস/বৃদ্ধি অথবা কোর্স কোড পরিবর্তন/সংশোধন করা যাইবে;
 - (৫) পোস্টগ্রাজুয়েট প্রোগ্রামের সকল শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট হল এর সহিত সংযুক্ত থাকিতে হইবে; এবং
 - (৬) নির্ধারিত তারিখের মধ্যেই অনলাইন কোর্স রেজিস্ট্রেশনের যাবতীয় কার্যক্রম সম্পন্ন করিতে হইবে এবং নির্ধারিত সময়ের পরে কোন কোর্স রেজিস্ট্রেশন গ্রহণযোগ্য হইবে না।
- ০৬। অনলাইন রেজিস্ট্রেশন প্রক্রিয়া স্থগিতের কারণসমূহ (বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-টাপ্রপ্রবি/শি:শা:/পো:গ্র্যা:/ফি/ভর্তি/কো:রে:/৪২-৩/০৪/৪৫১; তারিখ : ১৩/০২/২০২৩ খ্রি:):-
- (১) অত্র বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে যেসকল শিক্ষার্থী রুলস্ এন্ড রেগুলেশনস্ ফর পোস্টগ্রাজুয়েট প্রোগ্রামের ধারা 4.16 অনুযায়ী পিজিডি, মাস্টার্স, এমএসসি, এম ইঞ্জি., এমএসসি ইঞ্জি. ও এমফিল ডিগ্রী চলাকালীন ৪ বা এর অধিক F গ্রেড প্রাপ্ত হইলে, উক্ত প্রোগ্রামটি চলমান থাকার অনুমতি থাকিবে না (shall not be allowed to continue the program) এবং দ্বিতীয় বা পরবর্তী সেমিস্টারের অনলাইন রেজিস্ট্রেশন করার ক্ষেত্রে PGR সিস্টেমে সেই সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশন প্রক্রিয়া স্থগিত থাকিবে;

চলমান পাতা-০২

